

# Virtual Summit between Prime Minister Shri Narendra Modi and Sweden's Prime Minister H.E. Mr. Stefan Löfven

March 04, 2021

## প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী এবং সুইডেনের মাননীয় প্রধানমন্ত্রী মিঃ স্টিফান লফভেনের ভার্চুয়াল শীর্ষ সম্মেলন

মার্চ 04, 2021

1. প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী এবং কিংডম অব সুইডেনের মাননীয় প্রধানমন্ত্রী মিঃ স্টিফান লফভেনের মধ্যে আগামী 5 মার্চ, 2021 ভার্চুয়াল শীর্ষ সম্মেলন অনুষ্ঠিত হতে চলেছে।
2. 2015 সালের পর দুই নেতার মধ্যে এটি পঞ্চম পারস্পরিক ভাব বিনিময়। 2018 সালের এপ্রিলে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী প্রথম ভারত নর্ডিক শীর্ষ সম্মেলনের জন্য স্টকহোম সফর করেছিলেন। প্রধানমন্ত্রী মিঃ স্টিফান লফভেন 2016 সালের ফেব্রুয়ারি মাসে বিশেষ মেক ইন ইন্ডিয়া সপ্তাহ উদযাপনের জন্য ভারত এসেছিলেন। এর আগে, 2015 সালের সেপ্টেম্বরে ইউএন জেনারেল অ্যাসেমব্লির তত্ত্বাবধানে দুই নেতার বৈঠক হয়েছিল। 2020 সালের এপ্রিলে কোভিড - 19 মহামারীজনিত পরিস্থিতি নিয়ে আলোচনার জন্য দুই প্রধানমন্ত্রীর একটি টেলিফোনিক আলাপ হয়েছিল। এছাড়াও, মহামান্য কার্ল XVI গুস্তাফ এবং সুইডেনের রানী সিলভিয়া 2019 সালের ডিসেম্বরে ভারত সফর করেছিলেন।
3. গণতন্ত্র, স্বাধীনতা, বহুবাদ এবং আইন-ভিত্তিক আন্তর্জাতিক শৃঙ্খলা ও মূল্যবোধের ভিত্তিতে ভারত ও সুইডেনের মধ্যে উষ্ণ এবং বন্ধুত্বপূর্ণ সম্পর্ক বর্তমান। বাণিজ্য ও বিনিয়োগ, উদ্ভাবন, বিজ্ঞান ও প্রযুক্তির পাশাপাশি গবেষণা ও উন্নয়নের ক্ষেত্রেও দুই দেশ একে অপরের সাথে ঘনিষ্ঠ সহযোগিতা করে চলেছে। স্বাস্থ্য ও জীবন বিজ্ঞান, অটো শিল্প, সাফাই প্রযুক্তি, প্রতিরক্ষা, ভারী যন্ত্রপাতি ও উপকরণ ইত্যাদির প্রায় 250টি সুইডিশ সংস্থা ভারতে সক্রিয়ভাবে কাজ করছে। প্রায় 75টি ভারতীয় সংস্থাও সুইডেনে সক্রিয়।
4. শীর্ষ সম্মেলনে দুই নেতা দ্বিপাক্ষিক সম্পর্ক বিষয়ে বিস্তারিত আলোচনা করবেন এবং COVID পরবর্তী যুগে সহযোগিতা আরও জোরদার করার জন্য আঞ্চলিক ও বৈশ্বিক ইস্যুতে মতবিনিময় করবেন।

নিউ দিল্লি

মার্চ 04, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.